গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও
আইসিটি শাখা
www.thakurgaon.gov.bd

# জেলা আইসিটি কমিটির অক্টোবর ২০১৮ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড.কে এম কামরুজ্জামান সেলিম<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ৩১ অক্টোবর ২০১৮ |
| সভার সময় | বেলা ১২:০০ টা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | উপস্থিত সদস্যগণের তালিকা- পরিশিষ্ট "ক" |

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। জুলাই ২০১৮ মাসের সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ঠাকুরগাঁও সভায় পাঠ করে শোনান। জেলার সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শনের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে নিয়মিত ইউডিসি/ পিডিসি পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করতে অনুরোধ করেন। উপজেলা আইসিটি কমিটির মাসিক সভা নিয়মিত অনুষ্ঠান এবং সভার কার্যবিবরণী প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়।

**১. ইউডিসি পরিদর্শন সংক্রান্ত :**

**১.১ : জেলা প্রশাসক এবং অতিরিক্ত জেলা প্রশাসকগণ কর্তৃক পরিদর্শন/ দর্শন : (সেপ্টেম্বর ২০১৮)**

| ক্রম | কর্মকর্তা | ইউডিসি পরিদর্শন |
|---|---|---|
| ১ | জনাব মোঃ আখতারুজ্জামান<br>জেলা প্রশাসক, ঠাকুরগাঁও | ০৩ (তিন) টি |
| ২ | ড. একেএম আজাদুর রহমান<br>উপপরিচালক, স্থানীয় সরকার, ঠাকুরগাঁও | ০২ (দুই) টি |
| ৩ | জনাব মোঃ নূর কুতুবুল আলম<br>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ঠাকুরগাঁও | ০২ (দুই) টি |
| ৪ | জনাব শীলাব্রত কর্মকার<br>অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁও | ০২ (দুই) টি |
| ৫ | জনাব মোঃ আমিনুল ইসলাম<br>অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঠাকুরগাঁও | ০২ (দুই) টি |

**১.২ : উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক ইউডিসি পরিদর্শন/দর্শন ও অন্যান্য তথ্য : (সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ)**

| ক্রম | উপজেলা | উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানের তারিখ | | ইউডিসি | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সভা অনুষ্ঠানের তারিখ | সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে কিনা | মোট ইউডিসির সংখ্যা | ইউএনও কর্তৃক পরিদর্শন | ইউএনও কর্তৃক দর্শন | ইউডিসির এর মাসিক মোট আয় (টাকা) | ইউডিসি হতে মোট সেবা গ্রহীতা (জন) | অন্যান্য প্রশিক্ষণ |
| ১ | ঠাকুরগাঁও সদর | - | - | ২১ | ৪ | ৫ | ২৪৩৪৫ | ৬৩২ | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২ | পীরগঞ্জ | - | - | ১০ | ৩ | ২ | ১২৩৪ | ২১ | |
| ৩ | বালিয়াডাঙ্গী | - | - | ৮ | ২ | ২ | ৯৫৬ | ৮ | |
| ৪ | রাণীশংকৈল | - | - | ৮ | ২ | ১ | ৪৩২১ | ৬৪ | |
| ৫ | হরিপুর | - | - | ৬ | ২ | ১ | ১২৩২ | ১০ | |

**২. সভার আলোচনা এবং সিদ্ধান্ত :**

| **ক্রম** | **আলোচ্য বিষয়** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়নে** |
|---|---|---|---|
| ২.১ | **জেলা, উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্য :** জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরের জাতীয় তথ্য বাতায়ন (ওয়েব পোর্টাল) হালনাগাদ করা প্রয়োজন। | জেলা ও উপজেলাসহ সকল দপ্তরের জাতীয় তথ্য বাতায়ন (ওয়েব পোর্টাল) হালনাগাদপূর্বক ০৮ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা যায়। | ১। সকল দপ্তর প্রধান<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>৩। চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ২.২ | **ইউডিসি/পিডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড :** ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের ইতোমধ্যে একসেবায় নিবন্ধন সম্পন্ন করেছেন। এমতাবস্থায় দৈনন্দিন আয় ও সেবা গ্রহিতাদের তথ্য একসেবায় সন্নিবেশ (আপলোড) করার জন্য অনুরোধ করা যায়। | সকল ইউডিসি/ পিডিসির উদ্যোক্তাদের আয় ও সেবার তথ্য একসেবায় নিয়মিত সন্নিবেশ (আপলোড) করতে হবে। | ১। সহকারী প্রোগ্রামার (সকল)<br>২। উদ্যোক্তা, ইউডিসি/ পিডিসি (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ২.৩ | **অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা সরবরাহ :** জেলার সিএস খতিয়ান ইতোমধ্যে ডিজিটাল রেকর্ড রুম (DRR) সফটওয়্যারে এন্ট্রির কাজ সম্পন্ন হয়েছে। এসএ খতিয়ানের কার্যক্রম চলমান। | দ্রুত গতিতে DRR সফটওয়্যারে এসএ খতিয়ান এন্ট্রির কাজ সম্পন্ন করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঠাকুরগাঁও ২। সহকারী কমিশনার, রেকর্ডরুম শাখা, ঠাকুরগাঁও কালেক্টরেট। |
| ২.৪ | **ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তি :** এ কার্যালয়ে ইতোমধ্যে ই-ফাইলিং (নথি) কার্যক্রম জোরদার করা হয়েছে। এছাড়াও অন্যান্য দপ্তরসহ সকল উপজেলার ইতোমধ্যে প্রশিক্ষণ প্রাপ্ত এবং ই-ফাইলিং (নথি) চলমান দপ্তরসমূহে কার্যক্রম জোরদারকরণের জন্য অনুরোধ করা যেতে পারে। ১৪টি দপ্তরে (জেলা অফিসে) ই-ফাইলিং (নথি) প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং আরও ১৫টি দপ্তরে প্রশিক্ষণ প্রদান করা হবে। | জেলা প্রশাসনসহ অন্যান্য সকল দপ্তরে (লাইভে দেয়া হয়েছে) ই-ফাইলিং (নথি) কার্যক্রম জোরদার করতে হবে। | ১। দপ্তর প্রধান (সকল) ২। সহকারী কমিশনার (আইসিটি) ৩। সহকারী প্রোগ্রামার |

| | | | |
|---|---|---|---|
| ২.৫ | **সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্ত :** জেলা ও উপজেলা সকল সরকারি অফিসে স্ব স্ব মন্ত্রণালয়/দপ্তরের ওয়েবমেইল/ ই-মেইল ব্যবহারের জন্য অনুরোধ করা হলো। | জেলা ও উপজেলা সকল সরকারি অফিসে স্ব স্ব মন্ত্রণালয়/দপ্তরের ওয়েবমেইল/ ই-মেইল ব্যবহার করতে হবে। | ১। সকল দপ্তর প্রধান ২। সহকারী কমিশনার (আইসিটি) |
| ২.৬ | **জেলা আইসিটি সভায় টেকনিশিয়ানদের উপস্থিতি :** আইসিটি বিভাগ এর ইনফো-সরকার- ৩য় পর্যায় প্রকল্পের মেয়াদ গত ৩০ জুন, ২০১৬ এ সমাপ্ত হয়। | সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে এবিষয়ে দৃষ্টিপাত করার জন্য অনুরোধ করা হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ২.৭ | **উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান :** জেলার সকল উপজেলায় প্রতিমাসে আইসিটি কমিটির সভা অনুষ্ঠান করে কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। | প্রতিমাসে সভা আয়োজন করে সভার নির্ধারিত ছক মোতাবেক কার্যবিবরণী নিয়মিত প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ২.৮ | **টেকনিশিয়ান ও উদ্যোক্তাদের তথ্য :** জেলার সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের তথ্য সংরক্ষণ করা হয়েছে। তাদের সাথে মতবিনিময় সভার আয়োজন করা যেতে পারে। | ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যেক্তাদের সাথে মতবিনিময় সভার তারিখ নির্ধারণ করতে হবে। | ১। সহকারী কমিশনার, (আইসিটি) |
| ২.৯ | **প্রকল্প হতে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব পরিদর্শন প্রতিবেদন দাখিল :** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের "সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন" প্রকল্প হতে এ জেলায় ২৬ টি (২৫ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ১ টি শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম) স্থাপন করা হয়েছে। এছাড়াও ইতোমধ্যে ০৫ (পাঁচ) টি প্রতিষ্ঠানে ল্যাব স্থাপনের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র, সাইনবোর্ড স্থাপন এবং ল্যাবকক্ষ রেনোভেশনের জন্য প্রয়োজনীয় বরাদ্দ প্রেরণ করা হয়েছে। আরো ০২ (দুই) টি ল্যাব স্থাপনের জন্য নির্দেশনা মোতাবেক মতামত প্রদান করা হয়েছে। এসব ল্যাব ও ক্লাসরুম সমূহ পরিদর্শনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেওয়া যেতে পারে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সহকারী প্রোগ্রামারবৃন্দ শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব প্রতিমাসে ০৩ (তিন) টি পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেন। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। সহকারী প্রোগ্রামার (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ২.১১ | **জেলা পর্যায়ে বিভিন্ন বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের তথ্য :** জেলা পর্যায়ে ই-ফাইলিং (নথি), ওয়েব পোর্টাল হালনাগাদকরণ ও ই-মোবাইল কোর্ট পরিচালনা বিষয়ক প্রশিক্ষণ ইতোমধ্যে নির্দেশনা মোতাবেক প্রদান করা হয়েছে। পরবর্তীতে প্রশিক্ষণের জন্য বরাদ্দ পাওয়া গেলে আয়োজন করা হবে। | প্রশিক্ষণ যথাযথভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যায়। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br>২। সহকারী কমিশনার, আইসিটি<br>২। সহকারী প্রোগ্রামার, ঠাকুরগাঁও কালেক্টরেট। |

| | | | |
|---|---|---|---|
| ২.১২ | **মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন সংক্রান্ত :** জেলা/ উপজেলা পর্যায়ের সকল সরকারি ও বেসরকারী প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় এবং কলেজসমূহে স্থাপিত মাল্টিমিডিয়া ক্লাসরুমসমূহের নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সহকারী প্রোগ্রামার (সকল) মাল্টিমিডিয়া ক্লাসরুম সমূহের পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিল করবেন। এছাড়াও বিশেষভাবে গুরুত্ব দেয়ার জন্য জেলা শিক্ষা/ প্রাথমিক অফিসার, ঠাকুরগাঁও- কে অনুরোধ করা যায়। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও ৩। উপজেলা প্রাথমিক/ মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) ৪। সহকারী প্রোগ্রামার (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ২.১৩ | **জনসেবায় facebook এর ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত :** জনসেবায় উদ্ভাবন বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য facebook এবং এর ইনোভেশন পেজ ব্যবহার বৃদ্ধি করতে হবে। এর মাধ্যমে সকলে দ্রুত সেবা সম্পর্কে জানতে পারে। | জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসন এর facebook পেজ নিয়মিত আপডেট করতে হবে এবং ইনোভেশন সম্পর্কে সকলকে ধারণা প্রদান করতে হবে। | ১। দপ্তর প্রধান (সকল) ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা ৪। সহকারী প্রোগ্রামার (সকল) |
| ২.১৪ | DNCC কমিটির সিদ্ধান্ত মোতাবেক Connected Bangladesh শীর্ষ প্রকল্পের অর্থায়নে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক গৃহীত জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো উন্নয়ন (ইনফো-সরকার ৩য় পর্যায়) প্রকল্পের কাজ এ জেলায় চলমান রয়েছে। এ জেলার বালিয়াডাঙ্গী, পীরগঞ্জ ও রাণীশংকৈল উপজেলার মোট ২৮ (আটাশ) টি ইউনিয়ন পরিষদে কানেকটিভিটি প্রদান করা হবে। | ইতোমধ্যে ২৮ টি ইউনিয়ন পরিষদে ডিভাইস ইন্সটলেশন ও আন্ডাগ্রাউন্ড এর কাজ সম্পন্ন হয়েছে। ওভারহেড এর মাধ্যমে ক্যাব টানার কাজ চলমান রয়েছে। উক্ত কাজে সহযোগিতার জন্য অনুরোধ করা যেতে পারে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল) ২। সহকারী প্রোগ্রামার, (সংশ্লিষ্ট সকল) ৩। সহকারী নেটওয় |

| | | | |
|---|---|---|---|
| | | | ার্ক<br>ইঞ্জিনি<br>য়ার,<br>ইনফো<br>র-<br>সরকার<br>৩য়<br>পর্যায়<br>প্রকল্প<br>৪।<br>চেয়ারম্<br>যান,<br>ইউনিয়<br>ন<br>পরিষদ<br>(সংশ্লি<br>ষ্ট<br>সকল)<br>৪।<br>জেলা<br>প্রতিনি<br>ধি,<br>ফাইবা<br>র<br>হোম<br>লি |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ড.কে এম কামরুজ্জামান সেলিম
জেলা প্রশাসক


স্মারক নম্বর: ০৫.৫৫.৯৪০০.০১২.০১.০০১.১৬.৭৭

তারিখ: ২১ কার্তিক ১৪২৫
০৫ নভেম্বর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
৪) সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৫) সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৬) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
৭) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর

৮) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম
৯) জনাব ................................. ও সদস্য , জেলা আইসিটি কমিটি, ঠাকুরগাঁও।
১০) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঠাকুরগাঁও সদর/পীরগঞ্জ/বালিয়াডাঙ্গী/রাণীশংকৈল/হরিপুর, ঠাকুরগাঁও।
১১) .........................................., ................................................



মোঃ নূর কুতুবুল আলম
অতিরিক্ত জেলা প্রশাসক